



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
[www.bwdb.gov.bd](http://www.bwdb.gov.bd)

তারিখ: ২১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ  
নম্বর: ৮২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১৩৬

### সর্কুলার

বিষয়: “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)” মোতাবেক কার্যসমাপ্তির তারিখ সম্প্রসারণ  
(Extension of Intended Completion Date) প্রসঙ্গে।

গত ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখে জারীকৃত “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (পিপিআর-২০২৫)” মোতাবেক কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণের আবেদন অনুমোদনের ফেত্তে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক. পিপিআর, ২০২৫ এর বিধি-৫১(৩), ৫৫(৪), ৫৭(৩) ও ৫৮(৬) মোতাবেক যদি চুক্তি পরিচালনার ক্ষেত্রে ক্ষতিপূরণের কোনো ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার/অতিরিক্ত সরবরাহ আদেশ জারী করা হয়, যাহার দরুন ইকনোমিক অপারেটর (ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী/পরামর্শক/সেবা প্রদানকারী) কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখের মধ্যে কার্যসমাপ্ত করা সম্ভব না হয়, তাহা হইলে ক্রয়কারী প্রত্যাশিত কার্যসমাপ্তির তারিখ সম্প্রসারণ করবে। ক্ষতিপূরণের ঘটনাসমূহ (Compensation Event) এর বিষয়ে ইকনোমিক অপারেটর এর সাথে স্বাক্ষরিত চুক্তির General Conditions of Contract (GCC) তে বিস্তারিত উল্লেখ রয়েছে।

খ. পিপিআর-২০২৫ এর বিধি-৫১(৩), ৫৫(৪), ৫৭(৩) ও ৫৮(৬) ও তফসিল-২ মোতাবেক ক্রয়কারী (PE) কার্যসমাপ্তির মূল সময়সীমার অতিরিক্ত ৩০% পর্যন্ত সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করতে পারবে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কার্যসমাপ্তির মূল সময়সীমার অতিরিক্ত ৩০% হতে ১০০% পর্যন্ত সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করতে পারবেন। ব্যতিক্রমী ক্ষেত্রে, কার্যসমাপ্তির মূল সময়সীমার অতিরিক্ত ১০০% এর বেশী সময়বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সচিবের অনুমোদন প্রয়োজন হইবে।

গ. পিপিআর-২০২৫ এর বিধি ৫১(৪), ৫৫(৫), ৫৭(৪) ও ৫৮(৭) মোতাবেক ইকনোমিক অপারেটর কর্তৃক কার্যসমাপ্তির তারিখ বর্ধিতকরণের আবেদন করা হলে, ক্রয়কারী আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে সময়সীমা বর্ধিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন তবে তা অবশ্যই কার্যসমাপ্তির সময়সীমা উত্তীর্ণ হবার পূর্বে হতে হবে। যেহেতু, কার্যসমাপ্তির সময়সীমা উত্তীর্ণ হবার পূর্বেই সময়বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন সেহেতু সংশ্লিষ্ট সকলকে সময়বৃদ্ধির আবেদন উল্লেখিত সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

ঘ. ক্রয়কারীকে দরপত্র দলিলে কাজ বাস্তবায়নের সময়সীমা ঘোষিকভাবে নির্ধারণ ও উল্লেখ করতে হবে। একইসাথে, কাজ বাস্তবায়নের সময়সীমা Commencement Date হতে গণনা শুরু হয় বিধায় GCC এর Commencement of Works এর শর্তসমূহ পূরণ করে Commencement Declare করতে হবে।

ঙ. পিপিআর, ২০২৫ মোতাবেক ক্রয়কারী কার্যসমাপ্তির মূল সময়সীমার অতিরিক্ত ৩০% পর্যন্ত সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করতে পারবে। সে প্রক্রিয়ে বাপ্টার্বো'র DoFP-2016 এর A.23 (ADP) ও A.23 (NDR) এর Remarks 1 ক্রয়কারী কর্তৃক মূল সময়সীমার অতিরিক্ত ২০% পর্যন্ত কার্যসমাপ্তির তারিখ বর্ধিতকরণের আবেদন অনুমোদন করার বিষয়টি উল্লেখ থাকলেও ক্রয়কারী কর্তৃক মূল সময়সীমার অতিরিক্ত ৩০% পর্যন্ত সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করা যাবে।

২। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

২১-১২-২০২৫

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

০২২২২২৩০০১৫

se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা, ..... , বাপাউবো।
- ২। প্রকল্প পরিচালক (সকল), ..... , বাপাউবো।
- ৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাণ), মহাপরিচালক-এর দণ্ডের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ..... , বাপাউবো।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদণ্ডের, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ..... , বাপাউবো।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পন্থ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।



২১-১২-২০২৫

সৌরভ কুমার দাস

নির্বাহী প্রকৌশলী (পুর)